DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 12 Nov 2026, 03:18 PM

সারাদেশ

বিজয়নগরে তিন প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১২ নভেম্বর ২০২৬, ০২:৪২ PM



বিজয়নগরে তিন প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা করেছে খাদ্য ও ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চম্পকনগর বাজারে নিরাপদ খাদ্য ও ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ অভিযানে তিনটি প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এ সময় প্রায় ৫০ কেজি খাওয়ার অনুপযোগী মিষ্টি ও জিলাপি ধ্বংস করা হয়।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) দুপুর ১২টার দিকে বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনায় এ অভিযান পরিচালনা করে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় ও জেলা নিরাপদ খাদ্য অফিস।

অভিযানে চম্পকনগর বাজারের জয় লোকনাথ মিষ্টির দোকানে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য প্রস্তুতের প্রমাণ পাওয়া যায়। এ সময় কারখানার মালিক অভিযোগের সত্যতা স্বীকার করেন এবং ভবিষ্যতে এ ধরনের কাজ করবেন না বলে মুচলেকা দেন। এ অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। পাশাপাশি প্রায় ৫০ কেজি খাওয়ার অনুপযোগী মিষ্টি ও

জিলাপি ধ্বংস করা হয়।


এ ছাড়া বাজারে নিত্যপণ্যের দোকানগুলোতে অভিযান চালানো হয়। মূল্যতালিকা না থাকায় দুটি মুদি দোকানকে এক হাজার টাকা করে জরিমানা করা হয়।

অভিযানে মোট তিনটি প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে ভবিষ্যতে এ ধরনের অনিয়ম হলে আইনের সর্বোচ্চ প্রয়োগ করা হবে বলে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের সতর্ক করা হয়।


অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী। তাঁকে সহযোগিতা করেন জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা মো. আসিফুর রহমান।

ইফতেখারুল আলম রিজভী জানান, জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



কুষ্টিয়ায় দুই বাড়িতে কাফনের কাপড়, চিরকুটে ১০-১২ দিনের মধ্যে মৃত্যুর হুমকি
কুষ্টিয়ার দৌলতপুরে পৃথক দুটি বাড়ির সামনে কাফনের কাপড়, আগরবাতি, সাবান, গোলাপজল ও হুমকিসংবলিত চিরকুট রেখে গেছে দুর্বৃত্তরা। চিরকুটে দুই ব্যক্ত...



উচ্চমাধ্যমিকে সাপ্লিমেন্টারি পরীক্ষায় উত্তীর্ণদের জন্য ভর্তি পরীক্ষায় বসার সুযোগ রাখছে চবি প্রশাসন
এইচএসসি পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য হওয়ার পর সম্পূরক (সাপ্লিমেন্টারি) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি)...



বেনাপোল সীমান্তে ৪২০ বোতল ভারতীয় নেশাজাতীয় সিরাপ উদ্ধার

যশোরের বেনাপোলের পুটখালী সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে ৪২০ বোতল ভারতীয় নেশাজাতীয় সিরাপ উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।মঙ্গলবার (...



বিশ্বম্ভরপুরে জাতীয় ছাত্রশক্তির সন্ত্রাস ও ফ্যাসিবাদবিরোধী মিছিল

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে সন্ত্রাস, নাশকতা ও ফ্যাসিবাদের বিরুদ্ধে মিছিল ও সমাবেশ করেছে জাতীয় ছাত্রশক্তি। সংগঠনটির বিশ্বম্ভরপুর উপজেলা শাখার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bijyngre-tin-prtishthanke-32-hajar-taka-jrimana